

📖 সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ১২৩৩

১৩/ সাহ (كتاب السهو)

পরিচ্ছেদঃ ২২/ যে দু'রাকআতের পরে ভুলে সালাম ফিরিয়ে ফেলল এবং কথা বলে ফেলল সে কি করবে।

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ رَافِعٍ، قَالَ حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، قَالَ أَنْبَأَنَا مَعْمَرٌ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، وَأَبِي، بَكْرِ بْنِ سُلَيْمَانَ بْنِ أَبِي حَثْمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ صَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الظُّهْرَ أَوْ الْعَصْرَ فَسَلَّمَ فِي رَكْعَتَيْنِ وَأَنْصَرَفَ . فَقَالَ لَهُ ذُو الشِّمَالَيْنِ بْنُ عَمْرِو أَنْقَصْتَ الصَّلَاةَ أَمْ نَسِيتَ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " مَا يَقُولُ ذُو الْيَدَيْنِ " . فَقَالُوا صَدَقَ يَا نَبِيَّ اللَّهِ . فَأَتَمَّ بِهِمُ الرُّكْعَتَيْنِ اللَّتَيْنِ نَقَصَ .

বাংলা

১২৩৩। মুহাম্মাদ ইবনু রাফি (রহঃ) ... আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জোহর অথবা আসরের সালাত আদায়কালে দু'রাকআতের পর সালাম ফিরিয়ে সালাত শেষ করলেন। তখন তাঁকে যুল ইয়াদায়ন ইবনু আমর (রাঃ) বললেন, সালাত কি সংক্ষিপ্ত করা হয়েছে, না আপনি ভুলে গেছেন? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, যুল ইয়াদায়ন কি বলছে? সাহাবীগণ বললেন, ইয়া নবী আল্লাহ! সে সত্যই বলছে, তখন তিনি তাদের নিয়ে যে দু'রাকআত কম হয়েছিল তা আদায় করে নিলেন।

English

It was narrated that Abu Hurairah said:

"The Messenger of Allah (ﷺ) prayed Zuhr or 'Asr and said the taslim following two rak'ahs and left. Dhul-Shimalain bin 'Amr said to him: 'Has the prayer been shortened or did you forget?' The Prophet (ﷺ) said: 'What is Dhul-Yadain saying?' They said: 'He is speaking the truth, O Messenger of Allah (ﷺ).' So he led them in praying the two rak'ahs that he missed."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=20237>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন